গণপ্রজাতন্ত্রীবাংলাদেশসরকার
শ্রমওকর্মসংস্থানমন্ত্রণালয়
পরিকল্পনা -১ শাখা

বিষয়: শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের আওতায় শ্রম অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "দেশের পার্বত্য অঞ্চলের শ্রমিকদের কল্যাণ সুবিধাদি ও দক্ষতা উন্নয়ন কার্যক্রম সম্প্রসারণ এবং জোরদারকরণে ঘাগড়ায় একটি বহুবিধ সুবিধাসহ শ্রম কল্যাণ কমপ্লেক্স নির্মাণ" শীর্ষক প্রকল্পের ৩য়' প্রকল্প স্টিয়ারিং কমিটি (পিএসসি)'র সভার কার্যবিবরণী।

সভাপতি : কে এম আলী আজম, সচিব
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

সভার স্থান : মন্ত্রণালয়ের সভাকক্ষ

সভার তারিখ : ০৯/০২/২০২০খ্রি:

সভায় উপস্থিত কর্মকর্তাদের নামের তালিকা পরিশিষ্ট 'ক' তে দেয়া হ'ল।

উপস্থাপনা:

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভার প্রথমে আলোচ্যসূচী অনুসারে প্রকল্প পরিচালককে ধারাবাহিকভাবে আলোচনার জন্য অনুরোধ জানানো হয়।

আলোচনা ২:

২.১ প্রকল্প পরিচালক সভাপতির নির্দেশক্রমে সভার আলোচ্যসূচী অনুযায়ী আলোচনা শুরু করেন। সভায় প্রথমে গত PSC সভার কার্যবিবরণী অনুমোদনের অনুরোধ জানানো হয়। এ প্রেক্ষিতে গত ১০-১০-২০১৯ তারিখে অনুষ্ঠিত প্রকল্পের ২য় PSC সভার সিদ্ধান্ত সমূহ এবং এর বাস্তবায়ন অগ্রগতি সভায় উপস্থাপন করা হয় এবং প্রকল্পের গত ১৯-০১-২০২০ তারিখের PIC সভার কার্যবিবরণী অনুমোদনের সুপারিশ করা হলে সভায় তা অনুমোদন করা হয়। শ্রম অধিদপ্তরের অতিরিক্ত মহাপরিচালক-কে PIC সভার সদস্য হিসেবে অন্তর্ভূক্ত করা হলে সকলে এ বিষয়ে একমত প্রকাশ করেন।

২.২ প্রকল্পের আর্থিক অগ্রগতি সম্পর্কে প্রকল্প পরিচালক জানান যে, প্রকল্পের মোট প্রাক্কলিত ব্যয় ৬৫৯৩.১৭ লক্ষ টাকা এবং প্রকল্পের মেয়াদ আগামী ৩০ জুন ২০২০ সাল পর্যন্ত নির্ধারিত রয়েছে। ২০১৯-২০ অর্থ বছরে প্রকল্পের অনুকূলে ১৫০০.০০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। জানুয়ারি ২০২০ পর্যন্ত প্রকল্পের অনুকূলে ব্যয় হয়েছে ৫৭২.৩১ লক্ষ টাকা যা বরাদ্দের ৩৮.১৫%। প্রকল্পের ক্রমপুঞ্জিত অগ্রগতি ৩১৩৪.০০ লক্ষ টাকা বা ৪৭.৫৩% এবং প্রকল্পের ভৌত অগ্রগতি ৭৯%। প্রকল্পটি নির্ধারিত সময়ের মধ্যেই সমাপ্ত করার সম্ভব হবে মর্মে প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন।

২.৩ প্রকল্প পরিচালক সভাকে জানান যে, গত ১০-১০-২০১৯ তারিখে অনুষ্ঠিত প্রকল্পের ২য় PSC সভার সিদ্ধান্ত ও নির্দেশনা অনুযায়ী প্রকল্প স্থানের সংশোধিত নকশা প্রণয় করা হয়েছে এবং পাহাড় ধ্বসের বিষয়টি বিবেচনায় নিয়ে প্রকল্প হতে পরিদর্শন বাংলোটি বাদ দেয়া হয়েছে। প্রকল্পের সংশোধিত নকশায় প্লিন্থ এরিয়া অনুমোদিত ডিপিপি অনুসরণে ৭১১৬.৯০ বর্গ মিটার এর মধ্যে রাখা এবং পুরুষ হোস্টেলে ১০০ জন ও মহিলা হোস্টেলে ৫০ জন মহিলার আবাসন ব্যবস্থা ঠিক রাখার নির্দেশনার কারণে পুরুষ হোস্টেলটি ৫ তলার পরিবর্তে ৬ তলা ফাউন্ডেশনে ৬ তলা এবং মহিলা হোস্টেলটি ৩ তলার পরিবর্তে ৫ তলা ফাউন্ডেশনে ৫ তলা ভবনে পরিণত করতে হয়েছে। এরূপ অত্যাবশ্যকীয় পরিবর্তনে প্রকল্পের নির্মাণ এলাকা পূর্বের তুলনায় ২৫.২৭ বর্গমিটার বৃদ্ধি পাবে এবং বর্ণিত পরিবর্তনের ফলে প্রকল্প

-৭২

ব্যয় মূল ডিপিপি'র অনুমোদিত প্রাক্কলিত ব্যয় হতে ১ কোটি ৩৮ লক্ষ ৭৩ হাজার ৯ শত ৮৫ টাকার হ্রাস ঘটবে বলে সেনা কল্যাণ সংস্থার প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন। অনুমোদিত ডিপিপি'তে বিদ্যমান নকশা হতে পরিদর্শন বাংলোটি বাদ দিয়ে ৫ তলা বিশিষ্ট পুরুষ হোস্টেলটি ৬ তলা ফাউন্ডেশনে ৬ তলা এবং ৩ তলা বিশিষ্ট মহিলা হোস্টেলটি ৫ তলা ফাউন্ডেশনে ৫ তলা করার প্রস্তাব এবং অন্যান্য ০৪ টি ভবন অনুমোদিত ডিপিপি অনুসারে ঠিক রেখে সংশোধিত নকশাসহ প্রাক্কলিত ব্যয় ৬১,৪৭,৮২,১৭১.৮৮ (একষট্টি কোটি সাতচল্লিশ লক্ষ বিরাশি হাজার একশত একাত্তর টাকা/৮৮পয়সা) টাকা হবে মর্মে PSC সভায় উপস্থাপন করা হয় । এ পর্যায়ে প্রকল্প পরিচালক সভাকে জানান যে, গত ১৯-০১-২০২০ তারিখে অনুষ্ঠিত প্রকল্পের ৩য় PIC সভায় কমিটির সদস্যবৃন্দ উত্থাপিত প্রাক্কলিত ব্যয়সহ পুরুষ ও মহিলা হোস্টেল নির্মাণের ক্ষেত্রে প্রস্তাবিত পরিবর্তনে সম্মতি প্রকাশ করে তা অনুমোদনের সুপারিশ করা হয়। প্রকল্পের সফল বাস্তবায়নে পরিবর্তনসমূহ যৌক্তিক বিবেচনায় কমিটির সকল সদস্যবৃন্দ এ সংশোধিত প্রস্তাব অনুমোদনের বিষয়ে একমত প্রকাশ করেন । এ সভায় সংশ্লিষ্ট বিষয়াদি অন্তর্ভুক্ত করে প্রকল্পের মূল ডিপিপি সংশোধনের পদক্ষেপ গ্রহণ করতে প্রকল্প পরিচালক'কে নির্দেশনা প্রদান করা হয় এবং সংশোধিত ডিপিপি ২৮ ফেব্রুয়ারি ২০২০ এর মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণের জন্য সভায় নির্দেশনা দেয়া হয়।

২.৪ প্রকল্পের নির্মিতব্য ভবনসমূহের অগ্নি নির্বাপক ব্যবস্থা নিরুপণে Fire Protection ও Detection জনিত নকশা সভায় উপস্থানপূর্বক তা অনুমোদনের আহবান জানানো হলে PSC'র সভায় উপস্থিত সকল সদস্যবৃন্দ সম্মতি প্রকাশ করেন।

সিদ্ধান্ত ৩:

৩.১ প্রকল্পের গত ১৯-০১-২০২০ তারিখে অনুষ্ঠিত পিআইসি সভার সুপারিশসমূহ অনুমোদনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হলো;

৩:২ শ্রম অধিদপ্তরের অতিরিক্ত মহাপরিচালক-কে PIC সভার সদস্য হিসেবে কো-অপ্ট করা হল;

৩.৩ অনুমোদিত ডিপিপি হতে পরিদর্শন বাংলো নির্মাণ বাদ দিয়ে ৫ তলা বিশিষ্ট পুরুষ হোস্টেলটি ৬ তলা ফাউন্ডেশনে ৬ তলা এবং ৩ তলা বিশিষ্ট মহিলা হোস্টেলটি ৫ তলা ফাউন্ডেশনে ৫ তলা করা এবং অফিসার্স কোয়ার্টারের ৩য় ও ৪র্থ তলায় পরিদর্শন বাংলোর সুবিধাদি অন্তর্ভুক্ত করে সেনা কল্যাণ সংস্থার প্রণীত প্রকল্পের সংশোধিত নকশাটির অনুমোদন দেয়া হলো;

৩.৪ বর্ণিত পরিবর্তনের ফলে প্রকল্পের নির্মাণ এলাকা (প্লিন্থ এরিয়া) পূর্বের তুলনায় ২৫.২৭ বর্গমিটার বৃদ্ধি অনুমোদন করা হলো;

৩.৫ প্রকল্পের সংশোধিত ডিপিপি ২৮ ফেব্রুয়ারি ২০২০ এর মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে ।

৪। আর কোনো আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৫/০২/2020

(কে এম আলী আজম)
সচিব
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
ও সভাপতি, প্রজেক্ট স্টিয়ারিং কমিটি